# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 13-08-2025** **Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের তৃণমূল কংগ্রেস বিরোধিতা করলেও দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে অস্বাভাবিক হারে ভোটার বৃদ্ধির অভিযোগ করেছে বিজেপি।

২) নির্বাচন কমিশনের নির্দেশে চার আধিকারিক সহ পাঁচজনের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থার নির্দেশ না মানার প্রেক্ষিতে আজ দিল্লিতে কমিশনের দফতরে হাজিরা দিয়েছেন মুখ্য সচিব মনোজ পন্থ ।

৩) রাজ্যপাল সি ভি আনন্দ বোস পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশন সংশোধনী বিলে ছাড়পত্র দিয়েছেন।

৪) রাজ্যের সমস্ত সিনেমাহল ও মাল্টিপ্লেক্সে প্রাইম টাইমে বাংলা সিনেমা দেখানো বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার।

৫) সল্টলেকের নিউ ব্রীজ এলাকায় পথ দুর্ঘটনায় এক বাইক আরোহীর মৃত্যুকে কেন্দ্র করে আজ সন্ধ্যার পর রণক্ষেত্র হয়ে উঠেছে ওই এলাকা।

৬) আন্তঃসীমান্ত নদীগুলিতে বার বার বন্যা ও ভাঙন সমস্যার মোকাবিলায় ভূটান ও ভারত এক সঙ্গে কাজ করছে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস ভুয়ো ভোটার নিয়ে কংগ্রেসের সুরে কথা বললেও দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ডায়মন্ড হারবার লোকসভা আসনে গত চার বছরে ১৫ শতাংশ ভোট বেড়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। আজ দিল্লীতে এক সাংবাদিক বৈঠকে বিজেপি নেতা অনুরাগ সিং ঠাকুর বলেন, ঐ লোকসভা কেন্দ্রের কিছু বুথে ভোটার সংখ্যা বৃদ্ধির হার অস্বাভাবিক। ফলতায় ১৭ শতাংশ, বিষ্ণুপুরে ৫২, মহেশতালয় ৮৯ এবং বজবজে ৩২ শতাংশ ভোটার বেড়েছে বলেও তিনি অভিযোগ করেন। সাংসদ হিসাবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এক সময় ভোটার তালিকা অবৈধ ভোটার মুক্ত করার দাবিতে সুর চড়ালেও তার দলই এখন অবৈধ ভোটারদের বাঁচাতে চেষ্টা করছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় ভূয়ো ভোটারের নাম যুক্ত করার অভিযোগে অভিযুক্তদের শাস্তি দেওয়ার নির্দেশ দেওয়া হলেও রাজ্য তা না মানায় নির্বাচন কমিশনের নির্দেশ মেনে মুখ্যসচিব মনোজ পন্থ আজ নতুন দিল্লিতে কমিশনে হাজিরা দিয়েছেন। কমিশনের তরফে গতকাল তাকে লেখা এক চিঠিতে বিকাল পাঁচটার মধ্যে দেখা করার নির্দেশ দেওয়া হলেও সাড়ে চারটের কিছু পরেই তিনি অশোকা রোডে কমিশনের সদর কার্যালয় নির্বাচন সদনে পৌঁছে যান বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। এরপরে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সহ দুই নির্বাচন কমিশনারের সঙ্গে তার বেশ কিছুক্ষন কথা হয়েছে বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২১-এ বিধানসভা নির্বাচনে রাজ্যে যে সরকার গঠিত হয়েছে তা ভেঙে দেওয়ার দাবি জানিয়েছে বিজেপি। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের নেতা রাহুল সিনহা অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস সাংসদ অভিষেক ব্যানার্জী লোকসভা ভেঙে

দিয়ে তারপর ভোটর তালিকার নিবিড় সংশোধনীর দাবি জানিয়েছেন। তৃণমূল কংগ্রেস অনেক চেষ্টা করেও তালিকা সংশোধন ঢেকাতে না পেরে এই প্রক্রিয়াটিকে পিছিয়ে দিতে চাইছে। বাংলা ও বাঙালী নিয়েও তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে মিথ্যাচারের অভিযোগ করেন রাহুলবাবু। তিনি বলেন, দিল্লির জয়হিন্দ কলোনিতে বাঙালীদের জল ও বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হচ্ছে – এই অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। বিদ্যুতের বিল না মেটানোয় আদালতের নির্দেশে শুধুমাত্র দুটি বাড়িতে সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে বলে রাহুলবাবু জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকার নিবিড় সংশোধনী এসআইআর-এর বিরোধিতায় কংগ্রেস আজ ধর্মতলা চলো কর্মসূচী পালন করেছে। ওয়েলিংটন স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত মিছিলে অংশ নেন, কংগ্রেস নেতা অধীরঞ্জন চৌধুরী সহ প্রদেশ কংগ্রেসের পদাধিকারী এবং কর্মী সমর্থকরা। নাগরিকত্বের বিষয়টি দেখা নির্বাচন কমিশনের আওতার মধ্যে পড়ে না বলে অধীরবাবু জানান। পাশাপাশি ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকদের সুরক্ষা নিশ্চিত করার জন্য পরিচয়পত্র দেওয়ারও তিনি দাবি জানিয়েছেন রাজ্য সরকারের কাছে।

(বাইট – অধীর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সিভি আনন্দ বোস পশ্চিমবঙ্গ সংখ্যালঘু কমিশন সংশোধনী বিলে ছাড়পত্র দিয়েছেন। গত জুন মাসে রাজ্য বিধানসভায় ওই সংশোধনী পাস হয়। রাজ্যপালের সম্মতি মেলায় বিলটি এবার আইনে পরিণত হবে। এতদিন পর্যন্ত রাজ্য সংখ্যালঘু কমিশনে এক জনই ভাইস-চেয়ারপার্সন থাকতেন। নতুন বিলে আইন সংশোধন করে দু'জন ভাইস-চেয়ারপার্সন রাখার সংস্থান রয়েছে। নবগঠিত সংখ্যালঘু কমিশনে ন'জন সদস্য, এক জন চেয়ারপার্সন, দু'জন ভাইস চেয়ারপার্সন থাকচ্ছেন। রাজ্যের অর্থ দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য

জানিয়েছেন, বর্তমানে সংখ্যালঘু কমিশনের কাজের পরিধি অনেকটাই বেড়েছে। সে কারণেই কমিশনের পদাধিকারীর সংখ্যাও বাড়ানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০

নবান্ন অভিযানে কলকাতা পুলিশের ডিসি, এসএসডি বিদিশা কোলিতা এবং তার দেহরক্ষীকে খুনের চেষ্টার অভিযোগে এক বিজেপি নেতাকে আজ গ্রেফতার করেছে পুলিশ। চন্দন গুপ্ত নামে ওই ব্যক্তি জগদ্দল এলাকার বিজেপি নেতা বলে জানা গেছে। বো-বাজার ও বেন্টিং স্ট্রীটের সংযোগ স্থল থেকে আজ সকালে চন্দনকে গ্রেফতার করা হয়। পুলিশ সূত্রের খবর গত ৯-ই আগস্ট অভয়ার বাবা-মায়ের ডাকে নবান্ন অভিযানের দিন সিসিটিভির ফুটেজ খতিয়ে দেখে ওই ব্যক্তিকে শনাক্ত করা হয়।

এদিকে, নবান্ন অভিযানে দায়ের হওয়া এফ আই আর খারিজের জন্য বিজেপি নেতা অর্জুন সিং, শঙ্কুদেব পান্ডা, অশোক দিন্দা এবং কালী ঘটিক কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

৭৯-তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সন্ধ্যে সাতটা থেকে আকাশবাণীর সবক'টি কেন্দ্র ও প্রচার তরঙ্গে রাষ্ট্রপতির ভাষণ হিন্দি ও ইংরেজীতে সম্প্রচারিত হবে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা অনুবাদ শোনা যাবে রাত সাড়ে ৯'টায়।

এর প্রেক্ষিতে আকাশবাণীর কিছু সংবাদ বুলেটিনের সময়সূচীর পরিবর্তন করা হয়েছে। আকাশবাণী কলকাতার সন্ধ্যে ৭'টা ৩৫ মিনিটের জাতীয় সংবাদ প্রচারিত হবে রাত আটটায়, স্থানীয় সংবাদের পর। FM রেনবো প্রচার তরঙ্গে সন্ধ্যে ৭'টা ও রাত ৮'টার হেডলাইন আগামীকাল বাতিল থাকছে। সন্ধ্যে সাড়ে ৭'টায় গীতাঞ্জলী প্রচার তরঙ্গে সমীক্ষা'ও আগামীকাল প্রচারিত হবেনা।

**স্বাধীনতা দিবসে প্রধানমন্ত্রী** নরেন্দ্র মোদী, জাতীয় পতাকা উত্তোলনের পর লালকেল্লার প্রাকার থেকে জাতির উদ্দেশে ভাষণ দেবেন। সকাল ৭'টা থেকে প্রচারিত হবে এই অনুষ্ঠানের ধারা বিবরণী ও **প্রধানমন্ত্রীর** ভাষণ। এর প্রেক্ষিতে FM রেনবোয় সকাল ৭'টা, ৮'টা ও ৯'টার হেডলাইন ঐদিন বাতিল করা হয়েছে। প্রধানমন্ত্রীর ভাষণ শেষ না হওয়া পর্যন্ত কোন সংবাদ বুলেটিন'ও প্রচারিত হবে না। প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ প্রচারিত হবে রাত সাড়ে ৯'টায়।

অন্যদিকে, **স্বাধীনতা দিবসে রাজ্যপাল** সিভি আনন্দ বোস রাজ্যবাসীর উদ্দেশে ভাষণ দেবেন।

এর প্রেক্ষিতে FM রেনবোয় রাত ৮'টার হেডলাইন'ও ১৫'ই আগস্ট প্রচারিত হবে না।

oooooooooooooooooooooo

রাজ্যের সমস্ত সিনেমা হল ও মাল্টিপ্লেক্সগুলিতে বাংলা ছবির দৈনন্দিন প্রদর্শনী বাধ্যতামূলক করেছে রাজ্য সরকার। তথ্য ও সংস্কৃতি দফতরের জারি করা এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, রাজ্যের সব সিনেমা হল, মাল্টিপ্লেক্সের প্রতিটি স্ক্রিনে বছরে ৩৬৫ দিনই অন্তত একটি প্রাইম টাইম শোতে বাংলা ছবি দেখাতেই হবে। প্রাইম টাইম হিসেবে দুপুর ৩টা থেকে রাত ৯টা পর্যন্ত সময়কে নির্ধারণ করা হয়েছে। ২০১৮ সালের ১৪ সেপ্টেম্বরের পূর্ববর্তী নির্দেশিকা বাতিল করে এই নতুন বিজ্ঞপ্তি জারি করেছে সরকার। প্রয়োজন হলে ১৯৫৬ সালের West Bengal Cinemas (Regulation of Public Exhibitions) Rules-এ সংশোধন আনা হবে বলেও বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। এদিকে, রাজ্য সরকারের এই নির্দেশে খুশি চলচ্চিত্র মহল।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিজিৎ

oooooooooooooooooooo

সল্টলেকের নিউ ব্রীজ এলাকায় পথ দুর্ঘটনায় এক বাইক আরোহীর মৃত্যুকে কেন্দ্র করে এলাকা আজ সন্ধ্যার পর রণক্ষেত্র হয়ে উঠেছে। এই ঘটনাকে কেন্দ্র করে পুলিশ এবং জনতার খণ্ডযুদ্ধ বাধে। পুলিশকে লক্ষ্য করে মুহূর মুহূর পাথর ছোঁড়া হয়। পাল্টা পুলিশ একের পর এক কাঁদানে গ্যাসের সেল ফাটিয়ে জনতাকে ছত্রভঙ্গ করে। জানা গেছে, কেষ্টপুর ও সল্টলেকের মাঝে আট নম্বর ফুটব্রীজের কাছে চার চাকার একটি গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে রেলিং-এ ধাক্কা মারে। গাড়িতে বিস্ফোরণ হয়। সে সময় একটি বাইকে ঘটনাস্থলে ছিলেন এক যুবক। প্রত্যক্ষদর্শীদের দাবি অনুযায়ী কোনভাবে তিনি রেলিং-এর মাঝে আটকে পড়েন। গোটা ঘটনায় পুলিশের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ তুলে বিক্ষোভ দেখাতে শুরু করেন স্থানীয়রা। বিরাট পুলিশ বাহিনী সেখানে পৌঁছলে পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। গাড়ির যাত্রীদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে।

ooooooooooooooooo

ভূটান থেকে প্রতিবেশী অসম ও পশ্চিমবঙ্গে প্রবাহিত আন্তঃসীমান্ত নদীগুলিতে বারবার বন্যা ও ভাঙন সমস্যা মোকাবিলায় দুই দেশ একসঙ্গে কাজ করছে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। রাজ্যসভার সাংসদ ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের এক লিখিত প্রশ্নের জবাবে কেন্দ্রীয় জলশক্তিমন্ত্রী সি আর পাতিল গতকাল সংসদে জানান ভারত ও ভূটানের নদীগুলিতে জলবায়ু ও বন্যা পূর্বাভাষ নেটওয়ার্ক তৈরির জন্য মন্ত্রকের অধীনে ১৯৯২ সাল থেকে কাজ চলছে। বর্তমানে সেই নেটওয়ার্ক এর অধীনে ভূটানের ৩৬টি আবহাওয়া স্টেশন থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে কেন্দ্রীয় জল কমিশনের মাধ্যমে ভারতে বন্যা পূর্বাভাষ দেওয়ার কাজ করা হচ্ছে। তবে ভারত ভূটান নদী কমিশন গঠনের কোন প্রস্তাব কেন্দ্রের কাছে না থাকায় বিষয়টি বিবেচনার মধ্যে নেই বলে মন্ত্রী জানিয়েছেন।

ooooooooooooooooo

৭৯ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে চলছে ঘরে ঘরে তেরঙ্গা কর্মসূচী। এর আওতায় মালদার হবিবপুর ব্লকে আজ বিএসএফ-এর পক্ষ থেকে তেরঙ্গা যাত্রার আয়োজন করা হয়। জাতীয় পতাকা হাতে আইহো থেকে সিঙ্গাবাদ বিওপি পর্যন্ত বাইক র‍্যালি করেন তারা।

এদিকে, পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে ট্যাঙ্গাশোলে আজ সকালে CRPF এর DIG OPERATION RANGE অফিসের উদ্যোগে তেরঙ্গা পদযাত্রা করা হয়। সিআরপিএফ কার্যালয়ের পার্শ্ববর্তী গ্রামগুলিতে পদযাত্রার মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলনের আহ্বান জানানো হয়। পরে সিআরপিএফের মহিলা বাহিনীর উদ্যোগে, স্থানীয় সাঁকপাড়া গ্রামে প্রাথমিক বিদ্যালয়ে তেরঙ্গা যাত্রার আয়োজন করা হয়।

oooooooooooooooooooooo

জাতীয়তাবাদি পত্রিকা স্বস্তিকার মাসিক হিন্দি সংস্করণ আজ প্রকাশিত হয়েছে। কলকাতার বড়বাজার পুস্তকালয়ে কুমারসভা পুস্তকালয়ের সভাপতি শ্রী মহাবীর প্রসাদ বাজাজ পত্রিকাটির প্রথম সংখ্যার উন্মোচন করেন। মাসিক এই পত্রিকার সম্পাদনার দায়িত্বে থাকছেন বিশিষ্ট হিন্দি সাংবাদিক আনন্দ পাণ্ডে।

ooooooooooooooooooooooooooooooooooooooooooooo